শ্রেণিকক্ষ সরব হওয়ার অপেক্ষায় ক্যাম্পাস

ক্যাম্পাস ডেস্ক

প্রকাশিত: ০১:৩৯, ৪ আগস্ট ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নেতত্বে শুরু হয়েছিলো সরকারি চাকরিতে কোটা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নেতৃত্বে শুরু হয়েছিলো সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে আন্দোলন। সেই আন্দোলনে একাত্ম হন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরাও। সরকার তাদের সকল দাবি মেনে নেবার ঘোষণা দিলেও উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে শিক্ষার্থীদের শান্তিপূর্ণ সমাবেশ অব্যাহত থাকে। গত শুক্রবারও (২ আগস্ট) উত্তাল ছিলো ক্যাম্পাস। যদিও দেশের আবহাওয়া ছিলো বৈরি। বৃষ্টি ঝরছিলো প্রায় সারাদেশেই। কখনো ঝিরিঝিরি, কখনো বা মুষলধারে। এর মধ্যেই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জড়ো হন রাজধানীর শাহবাগসহ বিভিন্ন মোড় ও সড়কে। প্রতিবাদী স্লোগানে উত্তাল হয়ে ওঠে চারপাশ। এদিকে রাজউক উত্তরা মডেল কলেজের সামনেও জড়ো হতে থাকেন শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা।

সকাল সাড়ে ১০টার মধ্যেই ভরে যায় প্রতিষ্ঠানটির সামনের সড়ক। এভাবেই রাজধানীসহ সারাদেশে বহু ক্যাম্পাস ও তার আশেপাশের এলাকা ছিল উত্তাল। ছিল শিক্ষার্থীরা সে৹াগানে সে৹াগানে মুখর। শিক্ষার্থীরা এখনও আন্দোলনে। সব বন্ধুর পথ পেরিয়ে নিশ্চয়ই সুদিন আসবে। শ্রেণিকক্ষ আবার সরব হয়ে উঠবে শিক্ষা পিপাসু শিক্ষার্থী এবং শিক্ষকদের আগমন ও অংশগ্রহণে। সেই নতুন প্রত্যাশিত সকালের দিকে তাকিয়ে আছে দেশবাসী।

-ক্যাম্পাস ডেস্ক